গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
শৃঙ্খলা-১ শাখা
www.moha.gov.bd

নম্বর- ৪৪.০০.০০০০.০৫৭.২৭.০১৩.২৫- ৩৭৯

তারিখ: ১৫ আশ্বিন ১৪৩৩ / ১ সেপ্টেম্বর ২০২৬

প্রজ্ঞাপন

যেহেতু, জনাব জে. এম. ইমরান (বিএভি-১২০১৫০), বর্তমানে উপপরিচালক, লংগদু আনসার ব্যাটালিয়ন (৩৮ বিএন), রাঙামাটি ইতঃপূর্বে জেলা কমান্ড্যান্ট, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, জামালপুর হিসাবে কর্মরত থাকাকালে গত ২৫-০২-২০২৫ তারিখ জেলা সমাবেশ, ২০২৫ অনুষ্ঠানে জেলা প্রশাসকসহ জেলার সকল বিভাগের উর্ধ্বতন কর্মকর্তা এবং আনসার ও ভিডিপির প্রায় ৩০০ জন সদস্যের উপস্থিতিতে উক্ত অনুষ্ঠানের সার্বিক ব্যবস্থাপনার দায়িত্ব পালন করেন। উক্ত সমাবেশের সার্বিক ব্যবস্থাপনার দায়িত্বে থাকাকালে তিনি বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীকে বাংলাদেশ সেনাবাহিনীর প্রভাব বলয়মুক্ত হওয়ার মতো নেতিবাচক মন্তব্য করে বক্তব্য দেন। এর ফলে তিনি আনসার বাহিনীতে চলমান অস্থিরতা ও অরাজক পরিস্থিতি সৃষ্টিতে উস্কে দিয়েছেন অর্থাৎ প্রকারান্তরে সরকার ও বাহিনীর নানাবিধ প্রশাসনিক বিষয়ে বিতর্ক বা মতবিরোধ সৃষ্টির অবতারণা করেছেন। একইসাথে তিনি তাঁর বক্তব্যে প্রাণঘাতী অস্ত্রের ব্যবহার রহিতকরণে অসামরিকীকরণ প্রক্রিয়া সম্পর্কিত বেশ কিছু বাস্তবতা বিবর্জিত বিবরণ/ভুল ব্যাখ্যা প্রদান করেছেন। এর ফলশ্রুতিতে বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্যসহ সাধারণ জনমনে অসন্তোষ তৈরি হতে পারে এবং সরকারি সুশৃঙ্খল বাহিনীতে কর্মরত থেকে স্থানীয় পর্যায়ের সমাবেশে অধীনস্তদের উজ্জীবিতকরণ না করে তিনি সরকারের জন্য অস্বস্তিকর/বিব্রতকর পরিস্থিতির সৃষ্টি করেছেন। তাঁর এহেন কর্মকান্ড সরকারি দায়িত্ব-কর্তব্য পালনে চরম অবহেলা এবং বিভাগীয় শৃঙ্খলা পরিপন্থি, যা সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ২(খ) বিধি অনুসারে 'অসদাচরণ (Misconduct)'-এর আওতাভুক্ত এবং একই বিধিমালার ৩(খ) বিধি অনুসারে 'অসদাচরণ (Misconduct)'-এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ। উল্লিখিত অভিযোগে তাঁর বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণের জন্য বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, ঢাকা হতে পত্র প্রেরণ করা হয়। তদপ্রেক্ষিতে গত ০৩-০৬-২০২৫ তারিখ তাঁর বিরুদ্ধে ০১৩/২০২৫ নং বিভাগীয় মামলা রুজুপূর্বক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৭(খ) বিধি অনুযায়ী তাঁকে কারণ দর্শানোর নোটিশ প্রেরণ করা হয়; এবং

০২। যেহেতু, তিনি কারণ দর্শানোর নোটিশের জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানির ইচ্ছা পোষণ করলে গত ০৯-০৭-২০২৫ তারিখ তাঁর ব্যক্তিগত শুনানি অনুষ্ঠিত হয়। শুনানিকালে তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ, উভয়পক্ষের বক্তব্য, লিখিত জবাব এবং অন্যান্য গুরুত্বপূর্ণ দালিলিক প্রমাণাদি পর্যালোচনায় তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগসমূহের গুরুত্ব ও প্রকৃতি বিবেচনায় এবং অভিযোগসমূহ প্রমাণিত হলে গুরুদণ্ড আরোপযোগ্য হবে মর্মে প্রতীয়মান হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৭(২)(ঘ) বিধি মোতাবেক অভিযোগসমূহ তদন্তের জন্য গত ১৬-১০-২০২৫ তারিখ তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়; এবং

০৩। যেহেতু, তদন্তকারী কর্মকর্তা সকল বিধি বিধান প্রতিপালনপূর্বক সরেজমিনে তদন্ত শেষে গত ২৯-০১-২০২৬ তারিখ তদন্ত প্রতিবেদন দাখিল করেন। উক্ত তদন্ত প্রতিবেদনে তাঁর বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুসারে 'অসদাচরণ (Misconduct)'-এর অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করা হয়; এবং

০৪। যেহেতু, তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ, শুনানিকালে উভয়পক্ষের বক্তব্য, তদন্ত প্রতিবেদন ও অন্যান্য প্রাসঙ্গিক দলিলপত্রাদি পর্যালোচনায় অভিযুক্তের বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ প্রমাণিত হওয়ায় কেন তাঁকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(৩) এর উপ-বিধি (১)(ঘ) মোতাবেক চাকুরী হইতে বরখাস্ত বা অন্য কোনো উপযুক্ত গুরুদণ্ড প্রদান করা হবে না এ মর্মে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৭(৯) বিধি মোতাবেক গত ১২-০২-২০২৬ তারিখ ২য় কারণ দর্শানোর নোটিশ প্রেরণ করা হয়। তদপ্রেক্ষিতে তিনি ২য় কারণ দর্শানো নোটিশের জবাব দাখিল করেন; এবং

০৫। যেহেতু, পরবর্তীতে বিভাগীয় মামলার সকল গুরুত্বপূর্ণ তথ্য-উপাত্ত পর্যালোচনায় তাঁকে 'বাধ্যতামূলক অবসর প্রদান (Compulsory Retirement)' গুরুদণ্ড প্রদানের প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণ করা হয়। অতঃপর সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৭(১০) বিধি এবং বাংলাদেশ সরকারী কর্ম কমিশন (পরামর্শ) প্রবিধানমালা, ১৯৭৯ এর প্রবিধি-৬ মোতাবেক উক্ত গুরুদণ্ডের বিষয়ে গত ২২-০৬-২০২৬ তারিখ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন-এর পরামর্শ চাওয়া হয়। তদপ্রেক্ষিতে গত ১৩-০৮-২০২৬ তারিখ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি-৪(৩) এর উপ-বিধি (১)(খ) অনুযায়ী 'বাধ্যতামূলক অবসর প্রদান (Compulsory Retirement)'-এর গুরুদণ্ড প্রদানের নিমিত্ত গৃহীত প্রাথমিক সিদ্ধান্তে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন একমত পোষণ করে; এবং

পরবর্তী পৃষ্ঠা দ্রষ্টব্য

পূর্ববর্তী পৃষ্ঠা হতে

০৬। যেহেতু, পরবর্তীতে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(৬) অনুসারে নিয়োগকারী কর্তৃপক্ষ রাষ্ট্রপতি কর্তৃক তাঁকে 'বাধ্যতামূলক অবসর প্রদান (Compulsory Retirement)'-এর গুরুদণ্ডের সিদ্ধান্ত চূড়ান্তকরণে সদয় অনুমোদিত হয়েছে;

০৭। সেহেতু, জনাব জে.এম. ইমরান (বিএভি-১২০১৫০), উপপরিচালক, লংগদু আনসার ব্যাটালিয়ন (৩৮ বিএন), রাঙ্গামাটি ও সাবেক জেলা কমান্ড্যান্ট, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, জামালপুর-এর বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুসারে 'অসদাচরণ (Misconduct)'-এর অভিযোগ প্রমাণিত হওয়ায় একই বিধিমালার ৪(৩) এর উপ-বিধি (১)(খ) অনুযায়ী **'বাধ্যতামূলক অবসর প্রদান (Compulsory Retirement)'** গুরুদণ্ড প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

২৯/৫/১৯

মনজুর মোর্শেদ চৌধুরী
সিনিয়র সচিব

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/প্রধানমন্ত্রীর মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০২। সিনিয়র সচিব/সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়/জনবিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন/বাংলাদেশ সরকারী কর্ম কমিশন, আগারগাঁও, ঢাকা।
০৩। মহাপরিচালক, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।
০৪। অতিরিক্ত সচিব (শৃঙ্খলা/পুলিশ অনুবিভাগ), স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, হিসাবভবন, সেগুনবাগিচা, ঢাকা।
০৬। মন্ত্রীর একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
০৭। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিবের সদয় অবগতির জন্য)।
০৮। উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)।
০৯। জনাব জে.এম. ইমরান (বিএভি-১২০১৫০), উপপরিচালক, লংগদু আনসার ব্যাটালিয়ন (৩৮ বিএন), রাঙ্গামাটি ও সাবেক জেলা কমান্ড্যান্ট, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, জামালপুর।
১০। প্রোগ্রামার, আইসিটি সেল, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১১। অফিস কপি।